

# 🗏 আল-ওয়াকিয়া | Al-Waqi'a | ٱلْوَاقِعَة

আয়াতঃ ৫৬:৩৭

### **া** আরবি মূল আয়াত:

عُرُبًا اَترَابًا ﴿٣٧﴾

#### 

সোহাগিনী ও সমবয়সী। — আল-বায়ান

স্বামী ভক্তা, অনুরক্তা আর সমবয়স্কা, — তাইসিরুল

সোহাগিনী ও সমবয়স্কা – মুজিবুর রহমান

Devoted [to their husbands] and of equal age, — Sahih International

#### ৩৭. সোহাগিনী(১) ও সমবস্কা(২),

- (১) عروبة শব্দটি عرب এর বহুবচন। অর্থ স্বামী সোহাগিনী ও প্রেমিকা নারী। আরবী ভাষায় এ শব্দটি মেয়েদের সর্বোত্তম মেয়েসুলভ গুণাবলী বুঝাতে বলা হয়। এ শব্দ দ্বারা এমন মেয়েদের বুঝানো হয় যারা কামনীয় স্বভাব ও বিনীত আচরণের অধিকারিনী, সদালাপী, নারীসুলভ আবেগ অনুভূতি সমৃদ্ধা, মনে প্রাণে স্বামীগত প্রাণ এবং স্বামীও যার প্রতি অনুরাগী। [কুরতুবী; ইবন কাসীর]
- (২) تراب শব্দটি تراب এর বহুবচন। অর্থ সমবয়স্ক। এর দুটি অর্থ হতে পারে। একটি অর্থ হচ্ছে তারা তাদের স্বামীদের সমবয়সী হবে। অন্য অর্থটি হচ্ছে, তারা পরস্পর সমবয়স্ক হবে। অর্থাৎ জান্নাতের সমস্ত মেয়েদের একই বয়স হবে এবং চিরদিন সেই বয়সেরই থাকবে। যুগপৎ এ দু'টি অর্থই সঠিক হওয়া অসম্ভব নয়। অর্থাৎ এসব জান্নাতী নারী পরস্পরও সমবয়সী হবে এবং তাদের স্বামীদেরকেও তাদের সমবয়সী বানিয়ে দেয়া হবে। [ইবন কাসীর] "জান্নাতবাসীরা জান্নাতে প্রবেশ করলে তাদের শরীরে কোন পশম থাকবে না। দাড়ি থাকবে না। ফর্সা শ্বেত বর্ণ হবে। কুঞ্চিত কেশ হবে। কাজল কাল চোখ হবে এবং সবার বয়স ৩৩ বছর হবে" [তিরমিযী: ২৫৪৫, মুসনাদে আহমাদ: ২/২৯৫]

তাফসীরে জাকারিয়া

## (৩৭) প্রেমময়ী ও সমবয়ক্ষা। [1]

[1] عُرُبٌ वित वह्रविन। এমন নারী, যে তার রূপ-সৌন্দর্য ও অন্যান্য গুণের কারণে স্বীয় স্বামীর কাছে অত্যন্ত প্রিয়া। ترْبُ وَالَّذُوابُ مِنْ اللهِ الله



# (তিরমিযী) অথবা অর্থ হল, নিজ নিজ স্বামীর সমবয়স্কা হবে। উভয় অবস্থাতে অর্থ একই।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5016

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন